

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ গবেষণা ইউনিট
www.mopa.gov.bd


স্মারক নং: ০৫.০০.০০০০.২১১.০৬.০০৯.১৬-৮৯

০৫ (পাঁচ) জুন, ১৪২৪
তারিখ: -----
৩১ ডিসেম্বর, ২০১৭

বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ২০১৭-১৮ অর্থবছরে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং নিবন্ধিত বেসরকারি সংগঠন/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে আর্থিক অনুদান প্রদান করা হবে। প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সরকারি অনুদান প্রদান সংক্রান্ত নীতিমালা-২০১৭ এর আওতায় সে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং নিবন্ধিত বেসরকারি সংগঠন/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ জনপ্রশাসন ও এর উন্নয়ন সাধন সম্পর্কিত বিষয়সমূহের উপর প্রশিক্ষণ প্রদান করে অথবা এ সংক্রান্ত গবেষণামূলক কার্যক্রমের সাথে জড়িত শুধুমাত্র সে সকল প্রতিষ্ঠান এ অনুদান প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত হবে।

২। এ অনুদান গ্রহণে আগ্রহী প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহকে নির্ধারিত ফরমে আগামী ০১/০১/২০১৮ হতে ৩১/০১/২০১৮ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর ডাকযোগে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। আবেদনের ফরম ও এ সংক্রান্ত নীতিমালা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mopa.gov.bd) হতে ডাউনলোড করা যাবে অথবা নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে সংগ্রহ করা যাবে। উল্লেখ্য, অসম্পূর্ণ আবেদনপত্র এবং নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।


১১/০১/২০১৭
(উম্মে রেহানা)

উপসচিব

ফোন: ৯৫৮৮৬৪৭